দৈনিক
জনকণ্ঠ

তারিখ ২৮ NOV ২০১৭
পৃষ্ঠা ৬ কলাম ৫

# বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কর্মবিরতিতে অচল দেশের ৩১৩ সরকারী কলেজ

**স্টাফ রিপোর্টার ॥** বেসরকারী থেকে সরকারী হওয়া কলেজ শিক্ষকদের বিসিএস শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্তির প্রতিবাদে দুই দিনের কর্মবিরতি শেষে আরও বৃহত্তর কর্মসূচীর হুঁশিয়ারি দিয়েছেন শিক্ষকরা। বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ডাকে দুই দিনের কর্মবিরতির শেষ দিন সোমবারও পুরোপুরি অচল ছিল দেশের ৩১৩ সরকারী কলেজ, শিক্ষা অধিদফতর, শিক্ষা বোর্ড, সরকারী টিচার্স ট্রেনিং কলেজসহ শিক্ষা ক্যাডারভুক্ত সব প্রতিষ্ঠান। শিক্ষকরা বলেছেন, আমরা কেউ জাতীয়করণের বিরুদ্ধে নই। তবে ওসব শিক্ষককে নন-ক্যাডার রাখতে হবে। প্রধানমন্ত্রীর অনুশাসন মেনে বিধিমালা জারি করতে হবে। কর্মবিরতির কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন সাতটি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সকল সরকারী কলেজে দুদিনের পরীক্ষা স্থগিত করা হয়েছে। বিসিএস শিক্ষকরা বলেছেন, তাদের দাবি মানা না হলে আগামী বছরের জানুয়ারি মাসে তারা আবারও কর্মবিরতির মতো কর্মসূচীতে যেতে বাধ্য হবেন। কর্মসূচী সফল করায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি অধ্যাপক আইকে সেলিম উলাহ খোন্দকার ও মহাসচিব শাহেদুল খবীর চৌধুরী বিসিএস ক্যাডারভুক্ত সারাদেশের সরকারী কলেজ শিক্ষকদের অভিনন্দন জানিয়েছেন। তারা বলেছেন, আমরা কলেজ জাতীয়করণের বিপক্ষে নই। কিন্তু জাতীয়করণ করা কলেজ শিক্ষকদের বিসিএস পরীক্ষায় উত্তীণ না হলে তাদের ক্যাডারভুক্ত করা যাবে না। শিক্ষানীতি ২০১০ অনুযায়ী কলেজ জাতীয়করণের পর নিয়োগ করা শিক্ষকদের জন্য নতুন বিধিমালা করতে হবে। জাতীয়করণের এই সমস্যার ফলে কলেজ কর্তৃপক্ষ এবং শিক্ষকদের মধ্যে দ্বন্দ সৃষ্টি হচ্ছে, শিক্ষা কার্যক্রম ক্ষতিগ্রস্ত হচ্ছে। আমরা চাই নতুন নিয়োগকৃত শিক্ষকদের জন্য নতুন নীতিমালা প্রণয়ন করা হোক। জাতীয়করণ করা কলেজের নন-ক্যাডার শিক্ষকদের নিজ নিজ কলেজ থেকে অন্যত্র বদলি না যাবে না। প্রধানমন্ত্রীর অনুশাসনেও সে কথাই বলা আছে।

শিক্ষক সমিতি বলেছে, দাবি আদায়ে আবারও আগামী ৬ থেকে ৮ জানুয়ারি পর্যন্ত টানা তিন দিনের কর্মবিরতি পালন করা হবে। জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের যদি শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত করে আত্তীকরণ করা হয় তাহলে লাগাতার অনশন কর্মসূচীর ঘোষণা দেয়া হবে। জাতীয়করণ শিক্ষকদের শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত বিসিএস সাধারণ শিক্ষা সমিতি মেনে নেবে না। ক্যাডার বহির্ভূত রেখেই জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের সরকারী চাকরিতে অন্তর্ভুক্তির সুযোগ রয়েছে। তাই কোনভাবেই তাদের ক্যাডারভুক্তের সুযোগ নেই। বিসিএস শিক্ষা সমিতির নেতা ঢাকা কলেজের শিক্ষক ড. আবদুল কুদ্দুস সিকদার তাদের কর্মসূচী তুলে ধরে বলছিলেন, আমরা কলেজ জাতীয়করণের বিপক্ষে নই। কিন্তু জাতীয়করণ করা কলেজ শিক্ষকদের বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ না হলে তাদের ক্যাডারভুক্ত করা যাবে না। শিক্ষানীতি অনুযায়ী কলেজ জাতীয়করণের পর ওই কলেজের শিক্ষকদের জন্য নতুন বিধিমালা করতে হবে।